দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 1 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

43

# বুয়েটেও মৌলবাদী শিবির চক্র অপতৎপরতা শুরু করেছে

বুয়েট রিপোর্টার ॥ মৌলবাদী শিবির চক্র বুয়েট ক্যাম্পাসেও তাদের অপতৎপরতা শুরু করেছে। প্রায়ই তারা গোপনে বৈঠক করছে এবং ধীরে ধীরে তাদের সংখ্যা বেড়ে চলেছে।

বুয়েটের বিভিন্ন হল থেকে প্রাপ্ত তথ্যে জানা যায়, মৌলবাদী শিবির কর্মীরা প্রায়ই নিজেদের মধ্যে মিলিত হচ্ছে এবং গোপনে বৈঠক করছে। তাদের বৈঠকের স্থান হচ্ছে বুয়েটের বিভিন্ন হলের মসজিদ, ক্যান্টিন এবং কাঁটাবন মসজিদ। প্রতি শুক্রবার জুমার নামাজের পর শিবির কর্মীরা মিলিত হয়। তাদের বেশিরভাগ কর্মী শুক্রবার জুমা নামাজ কাঁটাবন মসজিদেই আদায় করে বলে জানা গেছে। শিবির কর্মীরা তাদের প্রচারমাধ্যম হিসাবে ব্যবহার করছে ক্যালেন্ডার, রুটিন কার্ড এবং বিভিন্ন মৌলবাদী বই। তারা বুয়েটের আবাসিক হলের নতুন ছাত্রদের টার্গেট করে মগজ ধোলাইয়ের কাজ শুরু করে। নামাজের সময় পড়ার টেবিলে এমনকি নাস্তার টেবিলেও মগজ ধোলাইয়ের কাজ চলে। বুয়েটের বেশকিছু শিক্ষকও এ চক্রের সাথে জড়িত বলে জানা গেছে।

বুয়েটে শিবির কর্মীদের এ অপতৎপরতায় বিভিন্ন ছাত্র সংগঠন ক্ষোভ প্রকাশ করেছে এবং মৌলবাদী চক্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছে। আজ বিজয় দিবসে ছাত্র শিবির নতুন ছাত্রছাত্রীদের উদ্দেশে যে নবীন বরণের আয়োজন করেছে তা বর্জনের আহ্বান জানিয়ে বিবৃতি দিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

অন্য সংগঠনগুলো কোন বিবৃতি না দিলেও তাদেরও এ ব্যাপারে সমর্থন রয়েছে বলে জানা গেছে।